

...

|            |   |
|------------|---|
| সভাপতি     | মোহাম্মদ মোকলেছুর রহমান<br>উপজেলা নির্বাহী অফিসার     |
| সভার তারিখ | ১৯-০২-২০১৮খ্রিঃ                                       |
| সভার সময়  | ৩.৩০ ঘটিকায়  |
| স্থান      | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাধবপুর, হবিগঞ্জ। |
| উপস্থিতি   | পরিশিষ্ট “ক”  |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি আলোচনার শুরুতে ২৩-২৪ ফেব্রুয়ারি/২০১৮খ্রিঃ তারিখ ০২ (দুই) দিনব্যাপী উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপনের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক প্রেরিত নিয়মাবলী পাঠ করে শুনান। সভাপতি বলেন যে, বিজ্ঞানকে জনপ্রিয় করার উদ্দেশ্যে শিক্ষার্থীদের সুস্থ প্রতিভা বিকাশের জন্য প্রতিযোগিতার মাধ্যমে প্রণোদনা সৃষ্টির প্রয়াস এবং বিজ্ঞান চর্চাকে মানুষের দোড়গোড়ায় পৌঁছে দেয়ার উদ্যোগ গ্রহণ, শিক্ষক শিক্ষার্থীসহ সর্বসাধারণের অংশগ্রহণের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তি সহজবোধ্য করা এবং বিজ্ঞানের অগ্রযাত্রার মাধ্যমে মানব জীবন ধারার উন্নয়নকে উপস্থাপন করা এবং দেশের প্রত্যন্ত অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিভাবান উদ্ভাবকদের চিহ্নিত করা এবং তাদের উৎসাহ ও সহায়তা প্রদানের লক্ষ্যে উপস্থিত সকলের সহযোগিতা কামনা ও তাদের মতামত ব্যক্ত করেন। মেলাকে সাফল্য মন্ডিত করার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১। ২৩-০২-২০১৮খ্রিঃ তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় মাধবপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা ও বিজ্ঞান অলিম্পিয়াড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ২৪-০২-২০১৮খ্রিঃ তারিখ বিজ্ঞান মেলায় স্টলে স্ব স্ব প্রতিষ্ঠান তাদের প্রকল্প প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারীদের ৩টি গুপে ভাগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। হাইস্কুল ও সমমানের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও স্কুল ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ জুনিয়র গুপ হিসেবে চিহ্নিত হবে। কলেজ ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীবৃন্দ ও কলেজ ভিত্তিক বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ সিনিয়র গুপ হিসেবে চিহ্নিত হবে। শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বিজ্ঞান ক্লাব ব্যতীত অন্যান্য বিজ্ঞান ক্লাবের সদস্যবৃন্দ, তরুণ ও অপেশাদার বিজ্ঞানীগণ, উদ্ভাবকগণ এবং ব্যক্তিগত পর্যায়ে সরকারি, আধা সরকারি ও বেসরকারি অংশগ্রহণকারীগণ বিশেষ গুপ হিসেবে বিবেচিত হবে। সাধারণত সিনিয়র ও জুনিয়র গুপের একটি প্রকল্প একজন শিক্ষার্থী উপস্থাপন করবে। তবে প্রকল্পের আকার বড় হলে অনধিক ২ (দুই) জন শিক্ষার্থী উপস্থাপন করতে পারবে। বিশেষ গুপের ১(এক)টি প্রকল্প ১(এক) জন ব্যক্তিই উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। বিজ্ঞান বিভাগ চালুকৃত উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে তাদের প্রকল্প প্রদর্শন ও কুইজ প্রতিযোগিতা এবং বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। মেলায় সকল শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ও কুইজ, অলিম্পিয়াড প্রতিযোগিতায় বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাধবপুরকে অনুরোধ করা হয়।

#### মেলা পরিচালনা, বিজ্ঞান অলিম্পিয়াড, কুইজ আয়োজন ও মূল্যায়ন উপ-কমিটি

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-

আহ্বায়ক

- ২। প্রধান শিক্ষক, মাধবপুর পাইলট উচ্চ বিদ্যালয়- সদস্য  
৩। প্রধান শিক্ষক, প্রেমদাময়ী বালিকা উচ্চ বিদ্যালয়- সদস্য  
৪। সহকারী শিক্ষক (বিজ্ঞান বিভাগ), মাধবপুর পাইলট উচ্চ বিদ্যালয়- সদস্য  
৫। সহকারী শিক্ষক (বিজ্ঞান বিভাগ), প্রেমদাময়ী বালিকা উচ্চ বিদ্যালয়- সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ মোকলেছুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬৭১.০০৭.০২.৭৮১.১৮.২৬২(২৫)

তারিখ: ৭ ফাল্গুন ১৪২৪  
১৯ ফেব্রুয়ারি ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৪।  
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ  
৩) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, উপজেলা পরিষদ, মাধবপুর, হবিগঞ্জ  
৪) সহকারী কমিশনার (ভূমি), মাধবপুর, হবিগঞ্জ।  
৫) সহকারী পুলিশ সুপার, মাধবপুর সার্কেল, হবিগঞ্জ।  
৬) উপজেলা ..... অফিসার, মাধবপুর, হবিগঞ্জ।  
৭) প্রধান শিক্ষক..... উচ্চ বিদ্যালয়, মাধবপুর, হবিগঞ্জ।  
৮) জনাব....., মাধবপুর, হবিগঞ্জ।



মোহাম্মদ মোকলেছুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার